

**ভর্তি বিজ্ঞপ্তি (যানবাহন চালনা প্রশিক্ষণ)**

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধকল্পে দক্ষ গাড়ীচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাধীন "যানবাহন চালনা প্রশিক্ষণ" প্রকল্পের আওতায় বেকার যুবদের যানবাহন চালনা বিষয়ে ০১ (এক) মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের এক/ একাধিক প্যানেল করার নিমিত্ত তাঁদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) ও অন্যান্য যোগ্যতা	প্রশিক্ষণ ভাতা / যাতায়াত ভাতা (টাকা)	আবেদনপত্র গ্রহণ ও জমার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও স্থান	প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	যানবাহনচালনা প্রশিক্ষণ প্রশিক্ষণের মেয়াদঃ ০১ মাস (আবাসিক / অনাবাসিক) আসন সংখ্যা- ৮০ কোর্স ফি -নাই	অষ্টম শ্রেণি বা সমমান পাশ এবং বয়স ২১- ৩৫ বছর। (জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক)	সরকারী বিধি মোতাবেক (উপস্থিতির ভিত্তিতে)	০৮/০২/২০২৪ খ্রিঃ হতে ১৫/০২/২০২৪ খ্রিঃ	২০/০২/২০২৪ খ্রিঃ যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর	০১/০৩/২০২৪

**\*\* দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :**

- ক) বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ২১-৩৫ বছর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে।
- খ) স্বাস্থ্যে প্রুণকৃত আবেদন ফরম (১) নাম (বাংলা ও ইংরেজী) (২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (৪) জন্ম তারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৬) জাতীয় পরিচয়পত্র(NID) নম্বর (৭) বর্তমান ঠিকানা (৮) ছায়া ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/ লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) Whatsapp নম্বর (১৪)facebook ID(যদি থাকে) (১৫) ই-মেইল ঠিকানা(১৬) বিকল্প যোগাযোগ নম্বর উল্লেখ তরতে হবে।
- গ) আবেদনপত্রের সাথে (১)শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের অনুলিপি (২) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি (৩) সদাতোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সাক্ষাত্কার ও মনোনয়নকালে মূল সনদ পত্র সঙ্গে আনতে হবে।
- (ঘ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- (ঙ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্দিষ্ট সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার চি. এ/ডি.এ দেয়া হবে না।
- (চ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিন্ক্লিন চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লেখ্য, যাদের জাতীয় পরিচয়পত্র নেই এবং যাদের কোন প্রকারের ড্রাইভিং লাইসেন্স রয়েছে, তারা কোনভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে না। কেউ তথ্য গোপন করে আবেদন করলে পরবর্তীকালে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**\*\* প্রশিক্ষণের শর্তাবলী :**

- (১) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- (২) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- (৩) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম / কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে।
- (৪) প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত--

( জসীম উদ্দীন আহমদ খান)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর।

তারিখঃ ০৭/০২/২০২৪ খ্রিঃ।

স্মারক নং - ৩৪.০১.৫১০০.০০০.৩৮.০০১.২২- ১৪১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেল প্রশাসক, লক্ষ্মীপুর।
- ০৪। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ০৫। চেয়ারম্যান, জেলা/উপজেলা পরিষদ..... লক্ষ্মীপুর।
- ০৬। মেয়ার ..... পৌরসভা, লক্ষ্মীপুর।
- ০৭। উপজেলা নির্বাচনী অফিসার ....., লক্ষ্মীপুর।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,..... লক্ষ্মীপুর।
- ০৯। ....., লক্ষ্মীপুর।
- ১০। অফিসকপি / গার্ড ফাইল/ নোটিশ বোর্ড।

(মোঃ হারুন-আর-রশিদ) ০২/০২/২০২৪

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর।